

পত্র সংখ্যা ০৩.০৮২.০৪৭.০১.০১.০০২.২০১৫-৬২৩

তারিখ ১৪ আষাঢ় ১৪২৪
১৮ জুন ২০১৭

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,
প্রধানমন্ত্রীর কার্যালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ ব্রিটিশ পার্লামেন্টে “Terrorism and the rule of Law” শীর্ষক সেমিনারে প্রতিনিধি দলের অংশগ্রহণের সরকারি মঞ্জুরী।

আগামী ১৬-১৯ জুলাই ২০১৭ তারিখ পর্যন্ত (যাতায়াত সময় ব্যতিত) ব্রিটিশ পার্লামেন্টে “Terrorism and the rule of Law” শীর্ষক সেমিনারে অংশগ্রহণের উদ্দেশ্যে নিম্নোক্ত প্রতিনিধি দল-এর যুক্তরাজ্য ভ্রমণ/অবস্থানের সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

- | | |
|------------------------------|---------------------------------------------------------|
| (১) ড. মসিউর রহমান | - মাননীয় প্রধানমন্ত্রীর উপদেষ্টা (অর্থনৈতিক) |
| (২) ড. গওহর রিজভী | - মাননীয় প্রধানমন্ত্রীর উপদেষ্টা (আন্তর্জাতিক) |
| (৩) ডা. দীপু মনি | - এমপি (সাবেক পররাষ্ট্র মন্ত্রী) |
| (৪) জনাব তপন কুমার চক্রবর্তী | -প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব। |

২। প্রতিনিধি দল আগামী ১৬ জুলাই ২০১৭ অথবা নিকটবর্তী সময়ে যুক্তরাজ্যের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ এবং সফর শেষে ১৯ জুলাই অথবা নিকটবর্তী সময়ে বাংলাদেশে প্রত্যাবর্তন করবেন। অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তাঁরা বিদেশে অবস্থান করবেন না।

৩। উক্ত ভ্রমণে প্রতিনিধিদলের সদস্যগণের ভ্রমণব্যয় স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর-এর বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে বহন করা হবে।

৪। বর্ণিত সভায় প্রতিনিধিদলের অংশগ্রহণ ও ভ্রমণকাল সরকারি কাজে কর্তব্যরত হিসেবে গণ্য হবে।

৫। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

স্বাক্ষরিত/-

(মোঃ আহসান কিবরিয়া সিদ্দিকি)

পরিচালক(প্রশাসন)

৮৮০-২-৯১১৪২৭০

ই-মেইল: diradmin@pmo.gov.bd

০৩.০৮২.০৪৭.০১.০১.০০২.২০১৫-৬২৩/১(১৪)

তারিখঃ ২৮ জুন ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। ড. মসিউর রহমান, মাননীয় প্রধানমন্ত্রীর উপদেষ্টা (অর্থনৈতিক), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। ড. গওহর রিজভী, মাননীয় প্রধানমন্ত্রীর উপদেষ্টা (আন্তর্জাতিক), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। ডা. দীপু মনি, এমপি (সাবেক পররাষ্ট্র মন্ত্রী), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব/সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়/অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। প্রধানমন্ত্রীর একান্ত সচিব ১/২, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৬। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৭। বাংলাদেশ হাই কমিশন, যুক্তরাজ্য (ব্যাগ যোগে)।
- ৮। মুখ্যসচিব/সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৯। প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। জনাব তপন কুমার চক্রবর্তী, প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ১১। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১২। সিস্টেম এনালিস্ট, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (মঞ্জুরী পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

(মোঃ আহসান কিবরিয়া সিদ্দিকি)

পরিচালক (প্রশাসন)